# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ২০/২০২৩ জে, তারিখ : ২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধান বিচারপতি পদকের জন্য আবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের গত ১০ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ তারিখের ১২/২০২২ জে, নং বিজ্ঞপ্তিমূলে 'প্রধান বিচারপতি পদক নীতিমালা, ২০২২' এবং প্রধান বিচারপতি পদকের আবেদন ফরম সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়।

২। 'প্রধান বিচারপতি পদক' নীতিমালা, ২০২২ এর বিধান ৯(গ) অনুসারে জেলা ও মহানগর বাছাই কমিটি গঠন করতঃ কমিটির সদস্যদের নাম ও পদবীসহ তালিকা সরাসরি অথবা ডাকযোগে "রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (দৃষ্টি আকর্ষণ: সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা, প্রধান বিচারপতি পদক নীতিমালা প্রণয়ন ও বাছাই সংক্রান্ত জাজেস কমিটি)" বরাবরে এবং উক্ত কমিটির সফট্ কপি chiefjusticeaward@gmail.com-এই ই-মেইল অ্যাড্রেসে আগামী ২০ নভেম্বর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। সফট্ কপি প্রেরণের ক্ষেত্রে ই-মেইলের সাবজেক্ট অবশ্যই "Committee<ইংরেজিতে জেলার নাম>"-এই ফরম্যাটে থাকতে হবে। প্রধান বিচারপতি পদকের আবেদন ফরম বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট হতে ডাউনলোড করে নিতে হবে;

৩। 'প্রধান বিচারপতি পদক নীতিমালা, ২০২২'-এ উল্লিখিত আবেদন প্রক্রিয়া অনুযায়ী এবং 'প্রধান বিচারপতি পদক' বিষয়ক নীতিমালা প্রণয়নসহ বাছাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী-

(ক) জেলা জজ ও সমপর্যায়ের 'প্রধান বিচারপতি পদক' এর ক্ষেত্রে জেলা জজ পদমর্যাদার বিচারক এবং দলগত পর্যায়ের 'প্রধান বিচারপতি পদক' এর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ-কে আগামী ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সুপ্রীম কোর্ট জাজেস কমিটির নিকট আবেদন দাখিল করার জন্য;

(খ) ব্যক্তি পর্যায়ে (অতিরিক্ত জেলা জজ/সমপর্যায়ের, যুগ্ম জেলা জজ/সমপর্যায়ের, সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের, সহকারী জজ/সমপর্যায়ের) 'প্রধান বিচারপতি পদক' এর ক্ষেত্রে চাকরিতে স্থায়ীভাবে নিযুক্ত বিচারকগণ-কে আগামী ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে জেলা কমিটির নিকট আবেদন দাখিল করার জন্য; এবং

(গ) জেলা পর্যায়ের কমিটি কর্তৃক আবেদন বাছাই ও চূড়ান্তকরণঅন্তে সুপারিশ বাংলাদেশ সুপ্রীম কোর্টে আগামী ১৫ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। উল্লেখ্য, প্রধান বিচারপতি পদকের জন্য আবেদনপত্রের হার্ডকপি অত্র কোর্টে সরাসরি অথবা ডাকযোগে রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (দৃষ্টি আকর্ষণ: সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা, প্রধান বিচারপতি পদক নীতিমালা প্রণয়ন ও বাছাই সংক্রান্ত জাজেস কমিটি)" বরাবরে এবং স্ক্যান কপি chiefjusticeaward@gmail.com-এই ই-মেইল অ্যাড্রেসে প্রেরণ করতে হবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

**স্বাক্ষরিত**

**(মোঃ গোলাম রব্বানী)**
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং-১০৩৪৫ জে, তারিখ : ২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ ----------- (সকল)।

৪ । মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------------- (সকল) ।
৫ । বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------------(সকল) ।
৬ । বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------------- (সকল) ।
৭ । বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল) ।
৮ । বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- --------------------- --------- (সকল) ।
৯ । বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল) ।
১০ । সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা ।
১১ । সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----------------------------------------- (সকল) ।
১২ । সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা ।
১৩ । চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল) ।
১৪ । স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------------(সকল) ।
১৫ । বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ....................... (সকল) ।
১৬ । বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................ (সকল) ।
১৭ । বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৮ । সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................. (সকল) ।
১৯ । চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২০ । চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা ।
২১ । বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ।
২২ । সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা ।
২৩ । সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা ।
২৪ । পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৫ । সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৬ । রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা ।
২৭ । পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৮ । সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৯ । মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা ।
৩০ । মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা ।
৩১ । যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা ।
৩২ । যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা ।
৩৩ । আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ।
৩৪ । আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম ।
৩৫ । উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ।
৩৬ । পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা ।
৩৭ । আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা ।
৩৮ । চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল) ।
৩৯ । চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------(সকল) ।

(৪–৩৯: প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৪০ । আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪১ । আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা ।
৪২ । রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)
৪৩ । আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম ।
৪৪ । রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি ।
৪৫ । মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।
৪৬ । সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৪৭ । অফিস কপি ।

১৪.১১.২০২৬

(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন : +৮৮০২২২৩৩৮১৮৬৫